দীর্ঘকাল ধরিয়া
সুনাম ও সততার
সঙ্গে
বিশেষত্ব বজায় রেখেছে
পণ্ডিত-প্রেস
সকল প্রকার ছাপার কাজের
নির্ভরযোগ্য প্রতিষ্ঠান

Registered
No. C. 853

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র

বহরমপুর এক্সরে ক্লিনিক
জল গম্বুজের নিকট
পোঃ বহরমপুর ঃ মুর্শিদাবাদ
জেলার প্রথম বেসরকারী প্রচেষ্টা।
★ বিশেষ যত্ন সহকারে রোগিদের এক্সরের সাহায্যে রোগ পরীক্ষা করিয়া ব্যবস্থা করা হয়।
★ যথা সম্ভব কাজ করা আমাদের বিশেষত্ব।
★ কলিকাতার মত এক্সরে করা হয়।
★ দিবারাত্রি খোলা থাকে।
জেলাবাসীর সহানুভূতি ও সহযোগিতা প্রার্থনীয়।

৫৫শ বর্ষ | রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ—২৯শে জ্যৈষ্ঠ বুধবার, ১৩৭৫ ইং 12th June 1968 | ৫ম সংখ্যা


সকল ঘরের তরে...
দীপ্তি লন্ঠন
ওরিয়েন্টাল মেটাল ইণ্ডাষ্ট্রিজ লিঃ ৭৭, বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা ১২

রান্নায় আনন্দ
এই কেরোসিন কুকারটির অভিনব রন্ধনের ভীতি দূর করে রন্ধন-প্রীতি এনে দিয়েছে।
রান্নার সময়েও আপনি বিশ্রামের সুযোগ পাবেন। কয়লা ভেঙে উনুন ধরাবার পরিশ্রম নেই, অস্বাস্থ্যকর ধোঁয়া না থাকায় ঘরে ঘরে ঝুলও জমবে না।
জটিলতাহীন এই কুকারটির সহজ ব্যবহার প্রণালী আপনাকে তৃপ্তি দেবে।
• ধুলা, ধোঁয়া বা ঝঞ্ঝাটহীন।
• স্বল্পমূল্য ও সম্পূর্ণ নিরাপদ।
• যে কোনো অংশ সহজলভ্য।

খাস জনতা
কেরোসিন কুকার
উন্নত কারিগরী ও বিপুলতা আনয়ে।
প্রস্তুতকারক
দি ওরিয়েন্টাল মেটাল ইণ্ডাষ্ট্রিজ প্রাইভেট লিঃ
৭৭, বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা-১২

এই তো খেলার দিন—
ফুটবল, বুট, এ্যাংক্লেট, হোস্
উল ও প্রসাধন সামগ্রী ইত্যাদি পাওয়া যায়।
পরীক্ষা প্রার্থনীয়।
কর্ম্মাধ্যক্ষ—খেলা ঘর
রঘুনাথগঞ্জ চাউলপটী, মুর্শিদাবাদ

স্টুডেন্টস ফেভারিট
স্কুল, কলেজ ও পাঠাগারের
মনের মত ভাল বই
সবচেয়ে সুবিধায় কিনুন।
STUDENTS' FAVOURITE
Phone—R.G.G. 44.

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ।

জঙ্গিপুর সংবাদ

২৯শে জ্যৈষ্ঠ বুধবার সন ১৩৭৫ সাল।

## ॥ কেনেডি-ট্রাজেডি লস এঞ্জেলস্ এ্যাঞ্জেল লষ্ট ॥

--০—

'বিপদ ত মানুষের জীবনেরই একটি অংশ' বলিয়াছিলেন সেনেটের রবার্ট কেনেডি। আমেরিকার সমৃদ্ধিশালী কেনেডি পরিবারের আর এক বধূ আজ অশ্রুমুখী। ১৯৬৩ হইতে জ্যাকুইলিন কেনেডি কাঁদিতেছেন, গত বুধবার হইতে ইথেল কেনেডি বেদনাবিধুর। মানুষের অধিকার প্রতিষ্ঠায় ও প্রগতিশীল মতবাদের ঋত্বিক কেনেডি বংশ; দরিদ্রবান্ধব বলিয়াই তাঁহারা সংগ্রামী। এইজন্যই তাঁহাদের কাঁদিতে হইতেছে।

ক্যালিফোর্নিয়ার প্রাথমিক নির্বাচনে বিজয়ের শুভ ঘোষণার পর লস এঞ্জেলসের অ্যামবাসাডর হোটেলে যখন জয়ের উৎসব চলিতেছে, যখন আমেরিকার ভাবী প্রেসিডেন্ট পদপ্রার্থী সেনেটের রবার্ট কেনেডিকে তাঁহার অনুরাগী জনতা অভিনন্দন জানাইতেছেন, আর আগামী দিনের মার্কিন রাজনীতিতে দীপ্ত সম্ভাবনায় চরম প্রতিশ্রুতিবান্ সেনেটর রবার্ট কেনেডি জয়োৎসবের বক্তৃতা সারিয়া যখন ঘরের দিকে যাইতেছেন, সেই সময় আততায়ীর গুলিতে তিনি মেঝেয় লুটাইয়া পড়িলেন রক্তাপ্লুত অবস্থায়। আর উঠিলেন না; বৃহস্পতিবার সব শেষ।

"মানুষ নিরাপদ পোতাশ্রয়ের জন্য সৃষ্ট হয় নাই" —সেনেটর কেনেডি একদা এই উক্তি কথাপ্রসঙ্গে করিয়াছিলেন। আজ তিনি তাঁহার জীবন দিয়া প্রমাণ করিলেন। অবশ্য তিনি নিজেকে ভাগ্যের হাতেই সঁপিয়া দিয়া মানুষের দুঃখ-দুর্দশায় ও আমেরিকার রক্ষণশীল রাজনীতির পরিবর্তন সাধনে ঝাঁপাইয়া পড়িয়াছিলেন। এই বিষয়ে তিনি তাঁহার পূর্বসূরী অগ্রজ প্রেসিডেন্ট জন কেনেডির একজন সার্থক পথিকৃৎ।

মানব সভ্যতার চরম বিকাশের যুগে পৃথিবীর যে কোন সভ্য ও উন্নত দেশগুলির মধ্যে আজ আমেরিকা একটি দিক দিয়া অগ্রণী। আর তাহা হইতেছে গুলি করিয়া এতগুলি মহাপ্রাণকে হত্যা। ১৮৬৫ সালে অসহায় ও নিপীড়িত মানুষের দরদী বন্ধু প্রেসিডেন্ট আব্রাহাম লিঙ্কন গুলিবিদ্ধ হন। জেমস এ গ্যারফিল্ড গেলেন ১৮৮১ তে। ১৯৬৩ তে প্রেসিডেন্ট জন কেনেডি। ১৯৬৮ তে মারটিন লুথার কিং ও সেনেটর রবার্ট কেনেডি। ইঁহাদের প্রত্যেকেরই মৃত্যু মর্মান্তিক। কারণ ইঁহারা ছিলেন মানুষের বন্ধু. অমানুষের দুশমন।

ধনদর্পী ও শিক্ষাগর্বী আমেরিকার অগ্রগতিতে আজ বিরাট বিশ্বের বহু অংশ প্রভাবিত। অর্থ-সম্পদে, জ্ঞান-বিজ্ঞানে বিশ্বের ভাস্বর এই দেশের যে দুরপনেয় কলঙ্কের পথ ক্রমশঃ প্রশস্ত হইতেছে, তাহাতে মানবতার পূজারী মানুষ এই দেশের নামে ঘৃণায় নাসিকাকুঞ্চন করিবেন। রাজনীতির জটিল আবর্তে যত কৈফিয়তের বুদ্বুদ উঠুক না কেন, ইতিহাসের নিরপেক্ষ পৃষ্ঠায় অঙ্কিত মসীচিহ্ন কোন ক্রমেই মুছিয়া যাইবে না। যতদিন সুস্থবুদ্ধির সমাজ থাকিবে ততদিন সে লাভ করিবে ধিক্কার। বিচিত্র এই দেশের ক্রিয়াকলাপে আজ অশরীরী কলম্বাস বুঝি ঘৃণায়-লজ্জায় অধোবদন।

অভিশপ্ত কেনেডি পরিবার। পঙ্গু, বৃদ্ধ যোশেফ পি কেনেডির (সিনিয়র) পুত্র বলিতে এখন সেনেটর এডওয়ার্ড কেনেডি। ১৯৬৪ সালে বিমান দুর্ঘটনায় তিনিও গুরুতর আহত হন। জ্যেষ্ঠ ভ্রাতা যোশেফ পি কেনেডি (জুনিয়র) গত বিশ্বযুদ্ধে নিহত হন। ভগ্নী ক্যাথলিনও। ১৯৬৩ তে প্রেসিডেন্ট জন কেনেডির নবজাত পুত্র মারা যায়। তারপর ডালাসে গুলিতে প্রাণ দিলেন তিনি। এবারে লস এঞ্জেলসে সেনেটর রবার্ট কেনেডি। ভগ্নী রোজমেরী কেনেডি মানসিক ব্যাধিগ্রস্ত।

কেনেডি পরিবারের এই নিদারুণ দুর্যোগে ও দুর্ভাগ্যে সান্ত্বনা ও সমবেদনা জানাইবার ভাষা আমাদের নাই। শ্রীচক্রবর্ত্তী রাজা গোপালাচারীর ভাষায় বলিতে হয় 'এখনও যদি আমরা জীবনের মূল্যবোধের জ্ঞান ফিরিয়ে পাই, তাহা হইলে সভ্যতাকে বাঁচান যাইবে।'

---

## দাদাঠাকুর প্রয়াণে

বিশ্বজোড়া খ্যাতি তোমার
হয়ে আছে নাম,
যদিও তুমি মোদের ছেড়ে
গেলে স্বর্গধাম।
তোমার কীর্ত্তি অমর রবে
চিরদিনের তরে.
জন্মেছিলে এ ধরাতে
কোন দেবতার বরে ?
ত্যাগের মন্ত্রে দীক্ষা তুমি
নিয়েছিলে নিজ হাতে,
বাবুগিরি আর বিলাসিতা
সইত না কভু ধাতে।
সত্যবাদী, কর্মে নিষ্ঠাবান
হে! ব্রাহ্মণ পুরুষ,
রেখেছিলে স্বীয় দক্ষতায়
তব প্রতিভার জৌলুষ।
ব্যঙ্গ-কৌতুকে ছিলে প্রিয়
জানে সর্বজনে,
দীন-দরিদ্র হত খুশী
তোমার দয়া-দানে।
জন্ম-মৃত্যু এক সূত্রে বাঁধলে
তুমি মহাপ্রাণ,
অশ্রুভরা ব্যথিত চিতের
ক্ষুদ্র এ অবদান।

—শ্রীঅমিত মুখোপাধ্যায় (বাবুল)

---

## নবাগত মহকুমা শাসক

জঙ্গিপুরের মহকুমা-শাসক শ্রীশিবরাজ সিংহ, আই-এ-এস-মহাশয় বারাকপুরে বদলী হওয়ায় তাঁহার স্থানে শ্রীঅসিতরঞ্জন দাশগুপ্ত মহাশয় মহকুমার কার্য্যভার গ্রহণ করিয়াছেন। আমরা নবাগত মহকুমা-শাসক মহাশয়কে সাদর অভিনন্দন জ্ঞাপন করিতেছি। "অয়মারম্ভ শুভায় ভবতু"।

## নাটক অভিনয় ও তার পরিচালনা

শ্রীপশুপতি চট্টোপাধ্যায়

সর্ব্বত্রই দেখা যাচ্ছে নানা প্রকারের নাটক নিয়ে আজকাল পরীক্ষা নিরীক্ষা চলছে, যার ফলে বিভিন্ন আঙ্গিকের নাটক রচনা হচ্ছে এবং সৌখীন সম্প্রদায়রা সেই সব নাটককে মঞ্চে রূপায়িত করার চেষ্টা করছে। এই সব নাটকের অভিনয় দেখে এ কথাটা আজ স্বীকার না করলে চলবে না যে সৌখীন সম্প্রদায় নাটকের মান সত্যি সত্যিই উচ্চ স্তরে তুলে ধরেছে। কারণ তাদের কাছে দর্শকদের দাবী অনেক। এখন আর অতীত যুগের মত সম্প্রদায়ের নিছক খেয়াল মেটানর জন্য যা কিছু একটা অভিনয় করা চলবে না—যা কিছু করার দিন চলে গেছে। সাম্প্রতিক নাট্যকলা বলতে সচরাচর নবনাট্য আন্দোলনকে বলা হয় এবং এ কথা স্বীকার্য্য যে ভারতীয় গণনাট্য সংঘ স্থাপনের পর থেকেই এ পর্য্যায়ের সুরু। সুতরাং নাটকের অভিনয় করতে গিয়ে ছেলেমানুষি করে একটা হৈ হুল্লোড় করা চলবেও না বা দর্শকেরা তা ক্ষমার চোখে দেখবেও না। দর্শকেরা এই সব অপেশাদার সম্প্রদায়ের কাছে এবং তাদের পরিচালকদের কাছে নাটকের সর্ব্বাঙ্গীন অগ্রগতি, প্রয়োগ পদ্ধতির নতুনত্ব আশা করেন কেননা পরিচালক নাটকের পরিপূর্ণ মঞ্চরূপের নিয়ন্ত্রী। নাট্যকার নাটক রচনা ক'রে সম্প্রদায়ের কাছে পেশ করেন—সম্প্রদায়ের মালিক সেই নাটক তখন পরিচালকের হাতে দেন পড়ার জন্য—পরিচালকের কাজ হল সেই নাটক পুঙ্খানুপুঙ্খরূপে পাঠ করে নাটকের ত্রুটি সংশোধন করা। আসল কথা হল নাটক মঞ্চে রূপায়িত হবার সময় সব চেয়ে সহজ ও সব চেয়ে বেশী করে দর্শকদের চিত্তাকর্ষক যাতে হয়—পরিচালক তাকে সেইভাবে সাজিয়ে নেবেন। নাটকের চরিত্রগুলিকে মঞ্চে রূপ দেন অভিনেতা, দৃশ্য পরিচালনাকারী দৃশ্য যোজনা করেন, সুরশিল্পী, আলোকশিল্পী নাটকের বিভিন্ন অঙ্গ সজ্জা করেন। সমগ্র নাটকে পরিচালক বিভিন্ন শিল্পীদের সঙ্গে পরামর্শ করে তাদের সেই খণ্ড খণ্ড কাজগুলি এক সঙ্গে গেঁথে নেবেন। যতক্ষণ তাঁর পরিকল্পিত নাটকের সমগ্র রূপটি চোখের সামনে ধরা না দেয় ততক্ষণ তিনি বিভিন্ন শিল্পীদের বারংবার নির্দ্দেশ দেন। তা হলে দেখা যাচ্ছে পরিচালক মঞ্চের প্রধান কর্ণধার। নাট্যকার থেকে আরম্ভ করে সমস্ত শিল্পীকেই তাঁর অধীনে থেকে তাঁর নির্দেশ অনুযায়ী কাজ করতে হবে। কোন শিল্পীই নিজের ইচ্ছামত সকলকে মেরে বেরিয়ে যাবার চেষ্টা করবেন না, এটা তাদের মনে রাখতে হবে। নাট্যমঞ্চ বিভিন্ন শিল্পীদের প্রতিযোগিতার ক্ষেত্র নয়, নাট্যমঞ্চ হ'ল সমবেত সৃষ্টির ক্ষেত্র। এই সব খেয়ালী শিল্পীদের মধ্যে সমতা রক্ষা করা পরিচালকের কাজ অর্থাৎ কিনা বহুকে একীভূত করেন।

পরবর্ত্তী সংখ্যায় নাটকের ভূমিকা বন্টন ও মহলা সম্বন্ধে আলোচনা করার ইচ্ছা আছে।

---

## আম এবং অন্যান্য গ্রীষ্মকালীন ফল ও ফলজাত দ্রব্যের আঞ্চলিক প্রদর্শনী

স্থান : কৃষ্ণনাথ কলেজ স্কুল, বহরমপুর ( পঃ বঙ্গ )

তারিখ : ২০শে, ২১শে ও ২২শে জুন, ১৯৬৮

১। এই প্রদর্শনীতে যোগদানের জন্য কোন প্রবেশ মূল্য লাগবে না। ২। নদীয়া, ২৪-পরগণা, বর্ধমান, বীরভূম, হুগলী, মালদহ, পশ্চিম দিনাজপুর ও মুর্শিদাবাদের ফল উৎপাদকগণ তাঁদের বাগানে উৎপন্ন ফল, মহিলা সমিতির সদস্যাগণ তাঁদের সমিতির মাধ্যমে তৈরী ফলজাত দ্রব্য এবং মহিলারা তাঁদের স্বহস্তে তৈরী ফলজাত দ্রব্য এই প্রদর্শনীতে পাঠাতে পারেন। তা'ছাড়া ঐ সব জেলার যে সব ব্যক্তি ব্যবসায়িক ভিত্তিতে ফলজাত দ্রব্য তৈরী করেন তাঁরাও এই প্রদর্শনীতে অংশ গ্রহণ করতে পারেন। ৩। নীচে প্রদর্শিত নির্ধারিত সংখ্যক ফল না পাঠালে প্রতিযোগিতায় অংশ গ্রহণ করা যাবে না। ৪। প্রত্যেক প্রতিযোগীর আবেদন-পত্র নির্ধারিত ফরমে হওয়া দরকার এবং ঐ ফরমের নীচে যে সার্টিফিকেট দেওয়া আছে তা স্থানীয় ব্লক ডেভালপমেণ্ট অফিসারের দ্বারা স্বাক্ষরিত হওয়া চাই। ৫। প্রদর্শনীর জন্য ফল ও ফলজাত দ্রব্য আবেদন-পত্রের সঙ্গে স্থানীয় ব্লক ডেভালপমেণ্ট অফিসের মাধ্যমে, জেলা কৃষি আধিকারিকের অফিসের মাধ্যমে বা সরাসরি প্রদর্শনী-স্থলে এমনভাবে পাঠাতে হবে যেন তা প্রদর্শনী-স্থলে ১৯শে জুন বেলা ১০টা থেকে বিকেল ৫॥০ টার মধ্যে পৌছায়। ৬। বিচারক মণ্ডলীর মতে যদি কোন বিশেষ ফলকে পুরস্কারের উপযুক্ত বলে মনে না হয়—তবে তা পুরস্কার থেকে বঞ্চিত হবে। প্রয়োজনবোধে নিম্নলিখিত পুরস্কারের সংখ্যা ও পরিমাণের পরিবর্তন হতে পারে। সর্ব্বক্ষেত্রে বিচারকমণ্ডলীর সিদ্ধান্তই চূড়ান্ত বলে পরিগণিত হবে। ৭। প্রদর্শনী প্রতিদিন সকাল ৮টা থেকে ১২টা এবং বিকেল ৩টা থেকে ৮টা পর্য্যন্ত খোলা থাকবে। ৮। প্রতি জেলার জন্য একটি করে স্টল থাকবে যেখানে বিক্রয়েচ্ছু প্রদর্শকগণ তাঁদের বাগানের আম বিক্রী করতে পারেন।

'ক' শ্রেণী প্রথম পুরস্কার—৩০ টাকা, দ্বিতীয় পুরস্কার—২০ টাকা। 'খ' শ্রেণী প্রথম পুরস্কার—৩০ টাকা, দ্বিতীয় পুরস্কার—২০ টাকা। 'গ' শ্রেণী প্রতিযোগিতার শ্রেষ্ঠ আম—পুরস্কার ৫০ টাকা। 'ঘ' শ্রেণী অন্যান্য ফল ১ম পুরস্কার—৩০ টাকা, ২য় পুরস্কার—২০ টাকা। 'ঙ' শ্রেণী ১ম পুরস্কার—৩০ টাকা, ২য় পুরস্কার—২০ টাকা। 'চ' শ্রেণী ব্যবসায়ী প্রতিযোগীদের মধ্যে শ্রেষ্ঠ পুরস্কার—৫০ টাকা। 'ছ' শ্রেণী ফলের শ্রেষ্ঠ প্রদর্শক—পুরস্কার ১০০ টাকা। 'জ' শ্রেণী ফলজাত দ্রব্যের অব্যবসায়ী প্রতিযোগীদের মধ্যে শ্রেষ্ঠ পুরস্কার ৫০ টাকা।

---

## রেল ভ্রমণে কত বিপদ ?

খাগড়া পাউণ্ড রোডের অধিবাসী বহরমপুর টেলারিং স্কুলের অধ্যক্ষ ও বিশিষ্ট পরিবহন ব্যবসায়ী শ্রীবিমল পাণ্ডে গত ৪ঠা জুন তারিখে ৩৬৭ আপ শিয়ালদহ-লালগোলা ট্রেণে বহরমপুর আসিতেছিলেন। তাহেরপুর ও বাদকুল্লা ষ্টেশনের মধ্যবর্ত্তী স্থানে বাহির হইতে নিক্ষিপ্ত পাথরের আঘাতে গুরুতর আহত হওয়ায় অজ্ঞান হয়ে পড়েন। বর্ত্তমানে তিনি ডাক্তারের চিকিৎসাধীনে আছেন। অল্পের জন্য তাঁর জীবন রক্ষা পেয়েছে। এরূপ পাথর ছোঁড়ার ঘটনা আজকাল প্রায়ই হইতেছে। এই কদভ্যাসের জন্য কয়েকজনের প্রাণহানি ঘটেছে এবং অনেকে আহত হয়েছেন। যাত্রিগণের নিরাপত্তার জন্য কাঁচের পাশে তারের জাল লাগানর ব্যবস্থা করিলে কেমন হয় ? এই বিষয়ে সরকারের ও রেলকর্ত্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করিতেছি।

